গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ, মেলান্দহ
জামালপুর

# জুলাই/২০২২ মাসের উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ২৮/০৭/২০২২ খ্রি:
সময় : বেলা ১২.০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনায় স্ব স্ব বিভাগের ষ্ট্যান্ডিং কমিটির সুপারিশ সভা অনুষ্ঠানের পূর্বে জমা প্রদানের বিধান থাকলেও যথাসময়ে না পাওয়ায় প্রতিটি দপ্তর থেকে অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য সকল দপ্তর প্রধানদের অনুরোধ জানান।

গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায় উহা সর্ব সম্মতি ক্রমে অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, আগামী ১৫ আগস্ট ২০২২ তারিখ, স্বাধীনতার মহান স্বপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে আগামী ১৫ আগস্ট, ২০২২ তারিখে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হবে, গৃহীত বিভিন্ন কর্মসূচী সফল করার জন্য সকলে নিকট সহযোগিতা প্রত্যাশা করেন। | ১৫ আগস্ট, ২০২২ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে গৃহীত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, ১ম ডোজ গত ২৭.১২.২০২১ ইং তারিখ থেকে চালু রয়েছে। এই বয়সে ছাত্র/ ছাত্রীদের টিকা প্রদানের লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছিল ৩৩৭১২ জন, অদ্য ২৮.০৭.২২ ইং তারিখ পর্যন্ত ১ম ডোজ ফাইজার টিকা প্রদান করা হয়েছে ৩২৯১০ জন কে। যা শতকরা হার ৯৮% ছাত্র/ছাত্রীদের ফাইজার টিকা ১ম ডোজ চলমান রয়েছে। এইচএসসি পরীক্ষার্থীদের ২য় ডোজ দেওয়া হয়েছে ১০৯৭ জন কে। তাছাড়া কোভিড-১৯ এ ভেরোসেল টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ১৭১৮০৪ জন কো এবং ২য় ডাজ দেওয়া হয়েছে ১৭১৫২৪ জন কে। এসষ্টেজেনেকা টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ৬৮৬১ জন কে ও ২য় ডোজ দেওয়া হয়েছে ৬৩২১ জন কে এবং বুস্টার ডোজ দেওয়া হয়েছে ৭০০৪৫ জন কে । আমাদের ইপিআই টিকা কেন্দ্রে সাব-ব্লকে ১৮ বছর উর্ধে সকল কে ১ম ডোজ টিকা প্রদান চলমান রয়েছে ১লা ফেব্রুয়ারী/২০২২ ইং হতে ২য় ডোজ টিকা প্রদান চলমান আছে। সর্বপরি টিকা প্রদানে প্রশাসন ও পুলিশ বিভাগের সার্বিক সহযোগীতার স্বাস্থ্য বিভাগ সংশ্লিষ্ট সকল কে ধন্যবাদ জ্ঞাপন করছি। সম্প্রতি করোনা রোগীর সংখ্যা বেড়ে যাওয়ায় আমাদের হাসপাতালে এন্টিজেন টেস্ট জোরদার করা হয়েছে। হাসপাতালে করোনা রোগী ভর্তির জন একটি করোনা কর্ণার সার্বক্ষনিক চালু রয়েছে এবং মাঠ পর্যায়ে প্রতিটি ইউনিয়নে একটি মেডিকেল টিম করোনা রোগীর ব্যবস্থাপনা ও করোনা প্রতিরোধের জন্য চালু রয়েছে। মাইকিং ও মাঠ কর্মীদের উঠান বৈঠকের মাধ্যমে করোনার প্রতিরোধে করণীয় বিষয়ে জনগণ কে সচেতন করা হচ্ছে এ ব্যাপারি প্রশাসনের সার্বিক সহযোগীতা একান্ত কাম্য। সারাদেশে বিদ্যুৎ ঘাটতি এবং লোডসেডিং এর কারনে হাসপাতালে বিদ্যুৎ না থাকলে হাসপাতালের আইপিএস মেরামত ও জেনারেটর চালু রাখার জন্য সংস্কার করা হচ্ছে কিন্তু জেনারেটর চালানোর জন্য কোন টেকনিশিয়ান নেই, জেনারেটর চালু রাখার বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চাই। মেলান্দহ পৌরসভার মেয়র মহোদয়ের সহযোগীতায় আরোও একটি এ্যাম্বুলেন্স চালু করা হয়েছে। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের বর্হিঃ বিভাগ/অন্তঃ বিভাগ/প্রসূতি সেবা/মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম ও সিসি সহ সকল কার্যক্রম যথানিয়মে চলমান রয়েছে। | বিষয়গুলো সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, চলমানকাজগুলোর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সক্ষম দম্পতির সংখ্যা ৫৩,০৬৩ এদের মধ্যে ০১) অস্থায়ী পদ্ধতি খাবার বড়ি-২১৮১১, কনডম-২৬৪৫, ইনজেকটেবলস-৯৪৫৫, ০২) দীর্ঘমেয়াদী পদ্ধতি আইইউডি-৮৩৩, ইমপ্ল্যান্ট-২৩৪২, ০৩) স্থায়ী পদ্ধতি ভ্যাসেকটমী-৮৮৩, টিউবেকটমী-২০৬৭, মোট গ্রহীতা-৪০০৩৬, গ্রহনকারীর হার ৭৫.৪৫% । এএনসি-১০০৯, মোট নরমাল ডেলিভারী- ১২০, পিএনসি-২৪৩, নবজাতকের সেবা-২৩৪, সাধারণ রোগী-৪০০৬, সেবা প্রাপ্ত কিশোর-কিশোরী-৭০৫৯। এছাড়া তিনি সভায় নাংলা ইউনিয়ন চয়ারম্যানের ও ঘোষেরপাড়া ইউনিয়ন চেয়ারম্যানেরদৃষ্টি আকর্ষন করে জানান , নাংলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে যাওয়ার সংযোগ রাস্তা এবং ঘোষেরপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে যাওয়ার সংযোগ রাস্তাটির বর্তমানের বেহাল অবস্থা অবগত করে রাস্তা দুইটি সংস্কার করার জন্য অনুরোধ করেন। | বিষয়গুলি সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, উল্লেখিত রাস্তা দুইটি সংস্কার করার জন্য চেয়ারম্যান-দ্বয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ১) এই মাসে রোপা আমন ফসলের ৫০ জন কৃষকের মাঝে ৫০টি রোপাআমন প্রদর্শনীর বাস্তবায়ন করা হয়। বিভিন্ন ফসলের এবং এফএফএস এর মাঝে ০৩টি মাঠ দিবস করা হয়। উক্ত মাঠ দিবসে ৪৫০ জন কৃষক উপস্তিত ছিলেন এবং নতুন ফসল বিষয়ে উদ্বোদ্ধ হয়েছেন। কৃষক প্রশিক্ষণ : উদ্বোদ্ধ করণের মাধ্যমে ১০০ জন কৃষককে প্রশিক্ষণ/পরামর্শ প্রদান করা হয়। সার ও বালাইনাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাইনাশক দোকান পরিদর্শন, মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে। ১০০০ জন কৃষককে রোপাআমন প্রণোদনা দেয়া হয়। প্রতি জন কৃষক ৫ কেজি উফশী রোপাআমন বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার পায়। ১৫০ জন কৃষকের মাঝে হাইব্রিড রোপাআমন বীজ বিতরণ করা হয়। প্রতিজন কৃষক ২ কেজি বীজ পায়। | কৃষকদের কৃষি প্রশিক্ষণ, ও অন্যান্য কৃষি প্রণোদনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

চলমান পাতা-২-

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ০১। ২৩ জুলাই/২০২২ হতে ২৯জুলাই/২০২২ পর্যন্ত উপজেলা মৎস্য দেশব্যাপি জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপিত হচ্ছে। সেই ধারাবাহিকতায় উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় মেলান্দহ, জামালপুর কতৃক জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ এর সপ্তাহব্যাপী সকল কার্যক্রম চলমান রয়েছে ০২। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উপলক্ষে অবৈধ জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট/অভিযান বাস্তবায়ন করা হয়েছে। অবৈধ জালের বিরুদ্ধে এ মোবাইল কোর্ট/অভিযান চলমান থাকবে। ০৩। মাঠ পরিদর্শন/উপজেলা মৎস্য দপ্তর হতে পৌরসভা ও বিভিন্ন ইউনিয়নের ২১ জন মৎস্য চাষিকে মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে ০৪। ইউনিয়ন পর্যায়ে মৎস্য সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর মেয়াদ জুন/২০২২ মাসে সমাপ্ত হয়েছে ০৫। এনএটিপি-২ প্রকল্প এবং দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাছ চাষ বৃদ্ধির লক্ষ্যে মেলান্দহ উপজেলার সকল ইউনিয়নের মৎস্য চাষিদের মাছ চাষ প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | প্রানি সম্পদ | উপজেলা প্রানি সম্পদ কর্মকর্তা জানান, মে/২২ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৯৫৫টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৮৫টি, গবাদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ১২০০টি, খামারি প্রশিক্ষন প্রদান বিভিন্ন দপ্তর কর্তৃক আয়োজিত ৪০ জন, খামার পরিদর্শন ১৫টি, উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা) ৫টি, অংশগ্রহণকারীর সংখ্যা ৫৫ জন, রাজস্ব আদায় টিকা এবং সিমেন সরবরাহ করে ৪৮৭০০ টাকা। | উপজেলা প্রাণি সম্পদ কর্তৃক প্রাপ্ত সেবাগুলো অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে টিআর/কাবিটা – কাবিখা কর্মসূচির আওতায় বাস্তবায়িত সকল প্রকেল্পের মাস্টাররোল এখনো পাওয়া যায়নি। অত:পর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সম্মানীত ইউপি চেয়ারম্যানগণ কে দ্রুত মাস্টাররোল দেওয়ার জন্য অনুরোধ করেন। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আরও জানান যে, বন্যাসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দরিদ্র অসহায় পরিবারকে খাদ্য সহায়তা প্রদানের জন্য ইউনিয়ন ওয়ারি জিআর চালের উপ-বরাদ্দ দেওয়া হয়েছে। উক্ত জিআর চাল বিতরণের জন্য উপকার ভোগীর তালিকা প্রস্তুত পূর্বক অনুমোদন নিয়ে ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ কাজ সম্পন্ন করার জন্য ও সম্মানীত ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। | টিআর/কাবিটা –কাবিখা কর্মসূচির আওতায় বাস্তবায়িত সকল প্রকেল্পের মাস্টাররোল দ্রুত প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, আগস্ট মাস হতে শুধু প্রতিবন্ধী জরিপ কার্যক্রম এবং অনলাইনে প্রতিবন্ধী ভাতার আবেদন শুরু হবে, এ ব্যাপারে তিনি সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। | প্রতিবন্ধী জরিপে কোন প্রতিবন্ধী যেন বাদ না পড়ে, সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, সারা দেশের সাথে সমন্বয় রেখে মেলান্দহ উপজেলায় ক্লাস্টার ভিত্তিক ০৫টি মাসিক সমন্বয় সভা সম্পন্ন হয়েছে। উপজেলা শিক্ষা অফিসার ০৫টি ও প্রত্যাক সহকারী উপজেলা শিক্ষা অফিসারের ১০টি করে মোট ৪৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয় সম্পন্ন হয়েছে। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম শেখ ফজিলাতুন্নেসা মুজিব প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট/২২ ইউনিয়ন পর্যায়ে সম্পন্ন হয়েছে। | বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরের ভিজিডি চক্রের জুলাই/২২ ইং মাসের বরাদ্দ না থাকায় ১১টি ইউনিয়নের ভিজিডির ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস ছাড় করা হয় নাই, ৮-ই আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব এর জন্মবার্ষিকী উদযাপন করা হবে। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ১৬/১৭ তম ব্যাচ ফ্যাশন ডিজাইন ট্রেডে ৫০ জন ও বিউটিফিকেশন ট্রেডে ৫০ জন মোট ১০০ জন প্রশিক্ষণার্থীদের জুলাই/২২ হতে সেপ্টেম্বর/২২ পর্যন্ত ৩ মাসের প্রশিক্ষণ চলমান রয়েছে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ০১) প্রশিক্ষন-৪২০ জন, পুরুষ-১০১ জন, মহিলা-৩১৯ জন। (বিভিন্ন ট্রেডে) এলাকা চাহিদাভিত্তিক। ০২) আত্ম কর্মী সৃজন-৯৯ জন, পুরুষ-৫৯ জন, মহিলা-৪০ জন। ০৩) যুব প্রশিক্ষন কেন্দ্রে আগামী ০৩/০৭/২০২২ খ্রিঃ থেকে গবাদি পশু, হাঁস-মুরগী পালন ও মৎস্য চাষ বিষয়ক (আবাসিক) তিন মাস মেয়াদী প্রশিক্ষন কার্যক্রম শুরু হবে। ০৪) বায়োগ্যাস ইমপেক্ট ফেজ-০৩ এর তিন মেয়াদী প্রশিক্ষন শুরু হবে, মোট ১৩০ জনকে প্রশিক্ষন দেওয়া হবে। ০৫) প্রশিক্ষিত যুব/যুব মহিলাদের মধ্যে যুব ঋণ বিতরণ করা হয় মোট ৫২ জনকে ৩০,৩০,০০০ টাকা প্রদান করা হয়। ০৬) এই অর্থ বছরে যুব/যুব মহিলাদের পরিবারভিত্তিক ঋণ বিতরন করা হয় মোট ৪০ জনকে ৪,৮০,০০০ টাকা প্রদান করা হয়। ০৭) যুব ঋণের মাসের মোট আদায়যোগ্য =২,৭৭,২৫০/- মাসের মোট আদায়কৃত - ২,৭০,০৫০/-, আদায় হার ৯৭%। ক্রমপুঞ্জিত মোট আদায়যোগ্য – ৩০৭১৭১৮৩/- আদায়কৃত- ৩০২০০৮৯৬/- আদায় হার ৯৮.২৭%। উপজেলা পর্যায়ে ২০২২-২৩ অর্থ বছরের অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ এখনো শুরু করা হয়নি। বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে শুরু করা হবে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উপজেলা উন্নয়ন সহয়তা থোক বরাদ্দ পাওয়া যায়, বরাদ্দকৃত টাকায় দরপত্র আহ্বান করা হয়। দরপত্রুলি ৫% নিম্নদরে পাওয়া যায়। উক্ত ৫% উদ্বৃত্ত ১৭৫০০০ টাকা দ্বারা উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত করার জন্য এই সভায় অনুমোদন প্রয়োজন। | ৫% উদ্বৃত্ত টাকা দ্বারা উপজেলা পরিষদের সীমানা প্রাচীর মেরামত করার জন্য এই সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তিন পৌরসভার প্রকল্পের আওতায় মেলান্দহ পৌরসভার ৪ কিঃমিঃ ড্রেন, ২১০০ বাসায় পানির লাইনের সংযোগের কাজ, ডাম্পিং ফিক্যাল স্লাসের কাজ চলমান আছে, বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্স পাম্পসহ ৩০টি হ্যান্ড ওয়াশ বেসিন নির্মাণ ও ২২টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে, পল্লী অঞ্চলে পানি সরবরাহের প্রকল্পের আওতায় ১৭টি মিনি AIRPএর কাজ চলমান আছে। | চলমান কাজগুলো নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ২০৫ টি সমবায় সমিতি রয়েছে। ২০২০-২০২১ সালের অডিট কার্য সম্পন্ন করা হয়েছে অডিটের প্রেক্ষিতে এ বছর ২১০০০/- অডিট ফি এবং ৩১৫০/- ভ্যাট পরিশোধ করা হয়। অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে। উক্ত আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় কার্য অব্যাহত আছে। সমবায় অধিদপ্তরের অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। জুলাই/২০২২খ্রি.মাসে থেকে ২০২১-২০২২ খ্রি. সনের ১৪৮টি কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির অডিট কাজ চলমান। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলছে। | অডিট কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ: ১০.১০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায়: ২.২০ টাকা চলতি এবং ০.৫০ টাকা খেলাপী ঋণ আদায় করা হয়েছে। প্রশিক্ষণ : ৮০ জন সুফলভোগীদের গরু মোটাতাজাকরণ ও হাস মুরগী পালনের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। স্কিম বাস্তবায়ন: পিআডিপি-৩ প্রকল্পের আওতায় ফুলকোচা ইউনিয়নের শিহাটা গ্রামে একটি ইউ ড্রেন ও শিহাটা পূর্ব গ্রামে একটি ২৫০ ফুট দৈর্ঘ্য ৬ ফুট প্রস্ত ইটের সলিং রাস্তা বাস্তবায়ন করা হচ্ছে। | আলোচনান্তে খেলাপী ঋণ আদায় করার কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, ৪নং নাংলা ইউনিয়নের ৪ ও ৫ নং ওয়ার্ডে বাসুদেবপুরের আব্দুল মজিদের বাড়ী হতে কাঁঠালতলা বাজার হয়ে কাওরাবইদ মাথা পর্যন্ত ২০২১-২২ সনে ৩.০ সিডলিং কিলোমিটার রাস্তাবাগান সুফল প্রজেক্টের আওতায় সদ্য সৃজন করা হয়েছে। এছাড়া উপকার ভোগী নিয়োগ, বাগান পরিচালনা কমিটি, বৃক্ষরোপন তহবিল কমিটি গঠন করা হয়েছে। ইহার পাশাপাশি বনের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। | চলমান বাগান তৈরির কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে বাল্য বিবাহ্য প্রতিরোধ কমিটি গঠণ করা হয়েছে। মাদক, যৌন-হয়রানী, দ্রুতগতিতে মোটর সাইকেল চালানো, আত্মহত্যা ও অন্যান্য বিষয়ে সচেতনতা বৃদ্ধি করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সভা ও সেমিনার চলমান রয়েছে। এনটিআরসিএ কর্তৃক শিক্ষক নিয়োগ কার্যক্রম এর চতুর্থ গণবিজ্ঞপ্তি অনুযায়ী, মেলান্দহ উপজেলার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক চাহিদার কাজ চলমান রয়েছে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতা মূলক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৮ | খাদ্য কর্মকর্তা | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/২২ খ্রি: মাসের ভি.জি.ডি এর কার্যক্রম বরাদ্দ না পাওয়ায় চলমান নেই, চাল সংগ্রহ-৪৭ টি রাইস মিল হতে ধান সংগ্রহ-২৭৫ জন কৃষক প্রত্যেকেই ৩.০০০ মে:টন করে ধান লটারীর মাধ্যমে পেয়েছেন। চাল সংগ্রহ হয়েছে ৫২৭.২৮০ মে:টন সহ মোট মজুদ ১৯৬৮.০৫৪ মে:টন, বিভিন্ন বাজার ও রাইস মিলে অতিরিক্ত মজুদ আছে কিনা মনিটরিং চলমান এবং লাইসেন্স ইস্যু চলমান। | বিভিন্ন বাজার ও রাইস মিলে অতিরিক্ত মজুদ আছে কিনা তা মনিটরিং করা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা -০১ শাখা কর্তৃক স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৬.২০১২ (অংশ-১)-১২৪ তারিখ ০৬ জুন ২০২২ মূলে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জীপগাড়ীর রেজিস্টেশন ও ইন্সুরেন্স সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। | আলোচনান্তে, মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে জীপগাড়ীর রেজিস্টেশন ও ইন্সুরেন্স সম্পন্ন করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ ও উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং :উপকা.মেলা.২০২২.৩৬
তারিখ : ২৮.০৭.২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব, মির্জা আজম, এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ............................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৫। অফিস কপি।

২৮/০৭/২২

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

## জুলাই/২০২২ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব হাজী মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেলান্দহ | ০১৭১১৬৩৫৪৮৮৮ | |
| ২. | জনাব মোঃ [illegible] মিঞা, উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ | ০১৭০৯৭৭০৬৯০ | |
| ৩. | মেসঃ [illegible] চেয়ারম্যান [illegible] | 01712125156 | |
| ৪. | ডাঃ মোঃ ইউনুস আলী ভাইস চেয়ারম্যান উঃ পঃ | 01712628050, | |
| ৫. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭২৪-১০৫৫৭৫ | |
| ৬. | মোঃ [illegible] চেয়ারম্যান [illegible] | 01719-815796 | |
| ৭. | মোঃ আমিনুল ইসলাম লিটু চেয়ারম্যান ঘোষেরপাড়া | 01713-990072 | |
| ৮. | মোঃ [illegible] চেয়ারম্যান [illegible] | 01716340425 | |
| ৯. | মোঃ [illegible] চেয়ারম্যান ৭নং, [illegible] | 01715995985 | |
| ১০. | ডা. চিন্ময় নন্দী উপজেলা প.প. কর্মকর্তা (অতি দায়িত্ব) | 01741830383 | |
| ১১. | [illegible] উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | ০১৭১০-৮৮০৭০২ | ২১/৭/২২ |
| ১২. | [illegible] উ, ম, বি, কর্মকর্তা | ০১৭১৬-৫২০৮২৪ | ২১/৭/২২ |
| ১৩. | মোঃ [illegible] LGED, মেলান্দহ. | 01930975477 | |

| | | | |
|---|---|---|---|
| ১৪. | মোঃ গোলাম [illegible] আকন্দ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ০১৭২০-২৮৮৫৮০<br>useo_melandah@yahoo.com | [signature] |
| ১৫. | মোঃ মাহফুজুল হক<br>UYDO | 01727031935 | [signature] |
| ১৬. | মোহাম্মদ হাবিবুর রহমান<br>উপজেলা সমাজসেবা অফিসার | 01785 589392 | [signature] |
| ১৭. | মোঃ আব্দুর রাজ্জাক<br>PIO, মেলান্দহ | 01721330075 | [signature] |
| ১৮. | মোঃ নাহিদ হাসান<br>সিনিয়র উপজেলা আনসার ও ভিডিপি / মেলান্দহ | 01721802903 | [signature] |
| ১৯. | মোঃ হাবিবুল্লাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মেলান্দহ | 01710857139 | [signature] |
| ২০. | মোঃ জাকির হোসেন<br>SAE, DPHE | 01818-822698 | [signature] |
| ২১. | মোঃ আবদুল ওয়াহাব<br>AAEO মেলান্দহ কৃষি অফিসার | 01718-781835 | [signature] |
| ২২. | মোঃ নাছির উদ্দিন<br>URDO | 01991133059 | [signature] |
| ২৩. | মোঃ মোস্তফা কামাল<br>উপজেলা শিক্ষা অফিসার | 01718308926 | [signature] |
| ২৪. | মোহাম্মদ [illegible] আলী<br>সহকারী কমিশনার (ভূমি) | ০১৭১২-৫৬৭০৫০ | [signature] |
| ২৫. | মোঃ মাহমুদুর রহমান<br>উপজেলা মৎস্য অফিসার | ০১৭১৮-৮২০০২০ | [signature] |
| ২৬. | ডাঃ মোঃ আতিকুর রহমান<br>উপজেলা প্রাণিসম্পদ অফিসার | ০১৭৬৩২৫৬৫১৭ | [signature] |
| ২৭. | / কামরুন আক্তার | 01725154213 | [signature] |
| ২৮. | মোঃ রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা প্রকৌশলী | 01828-104926 | RSiraj |

| | | | |
|---|---|---|---|
| ২৯. | এমএম সাইফুর রহমান | [illegible], ১১ নং [illegible] | [signature] |
| ৩০. | আঞ্জুমানোয়ারা বেগম | [illegible] চেয়ারম্যান [illegible] | [signature] |
| ৩১. | মো: বাহার [illegible] | 01719-431435 | [signature] |
| ৩২. | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ মেলান্দহ
জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২২.৩৫ তারিখঃ ২৫.০৭.২০২২

# নোটিশ

আগামী ২৮.০৭.২০২২ তারিখ, রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায় মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলার হল রুমে উপজেলা পরিষদের সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ২৮.০৭.২০২২ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৬.০৭.২০২২ তারিখের মধ্যে নিম্নলিখিত ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

E-mail:uzchairmanmelandah@gmail.com

২৫/০৭/২২

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

চেয়ারম্যান, উপজেলা পরিষদ...............
মেলান্দহ,......................... সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২২.৩৫ তারিখঃ ২৫.০৭.২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জনাব, মির্জা আজম, এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

২৫/০৭/২২

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com